আমাদের সময়

তারিখ ... 02 APR 2018 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 1 ...

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী

# কারিগরি প্রশিক্ষণ গ্রহণ করে কেউ বেকার নেই

নিজস্ব প্রতিবেদক ●

কারিগরি শিক্ষা যুবসমাজের চাকরি ও আত্মকর্মসংস্থানের অপূর্ব সুযোগ সৃষ্টি করছে। অনেক ক্ষেত্রে উচ্চশিক্ষা লাভ করে হাজার হাজার যুবক-যুবতী বেকার থাকলেও কারিগরি শিক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করে কেউ বেকার নেই। পাস করার সঙ্গে সঙ্গে চাকরি পায় তারা। দক্ষতা অর্জন করতে পারলে চাকরি খুঁজতে হবে না, চাকরিই খুঁজে বের করবে। গতকাল স্কিলস অ্যান্ড ট্রেনিং অ্যানহ্যান্সমেন্ট প্রজেক্টের (ঝঞঊচ) সহযোগিতায় ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটে দিনব্যাপী জব ফেয়ার উদ্বোধনী অনুষ্ঠানে এ কথা বলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, বর্তমান সরকার কারিগরি শিক্ষায় যুগান্তকারী পরিবর্তন এনেছে। ২০০৮ সালে যেখানে কারিগরি শিক্ষায় শিক্ষার্থী ভর্তির হার ছিল ১.২ শতাংশ, বর্তমানে তা বেড়ে দাঁড়িয়েছে ১৩.১১ শতাংশে। ২০২০ সালের মধ্যে এ হারকে ২০ শতাংশে উন্নীত করা হবে। শিক্ষামন্ত্রী বলেন, ২৩টি আন্তর্জাতিক মানের পলিটেকনিক ইনস্টিটিউটসহ দেশের প্রতিটি উপজেলায় একটি করে নতুন কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান স্থাপন করা হচ্ছে। বিদ্যমান শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর অবকাঠামোগত উন্নয়নের মাধ্যমে নতুন আরও ১ লাখ শিক্ষার্থী ভর্তির উদ্যোগ নেওয়া হয়েছে।